



বাংলাদেশ সোসাইটি অব সিডনী'র উদ্যোগে

মহান স্বাধীনতা দিবস উদযাপন ।

বাংলাদেশ সোসাইটি অব সিডনী "মহান স্বাধীনতা দিবস" উদযাপন উপলক্ষে আয়োজন করেছে এক বিশেষ অনুষ্ঠানের । গত দশ'ই এপ্রিল রবিবার রকডেল পাবলিক স্কুলের হলরুমে সন্ধ্যা ছয় টাতে শুরু হয় অনুষ্ঠানটি, এবং শেষ হয় রাত সাড়ে নয়টায় । অনুষ্ঠানে ছিল বেশ কয়েকটি আকর্ষণ ।

শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করে শুনায় বাংলাদেশ কালচারাল স্কুল সিডনী'র ছাত্র মুনাদ ও প্রত্যয়, এরপর বাংলাদেশ সোসাইটি অব সিডনী'র সাধারণ সম্পাদক জনাব শফিকুর রহমান চৌধুরী স্বাগত বক্তব্য রাখেন । ছড়া ও কবিতা আবৃত্তি করেছে আবিদ, নিয়াজ, মুনাদ, প্রত্যয় ও প্রানজল, দৈত আবৃত্তি করেছে শারিকা ও শাদমান । স্বরচিত কবিতা পড়েছেন জনাব হায়াত মাহমুদ ।

স্বাধীনতার উপর মূলপ্রবন্ধ বলেছেন ডঃ মোঃ মনজুরুল হক । এরপরই শুরু হয় বাংলা স্কুলের ছেলেমেয়দের সমন্বয়ে সংগীতানুষ্ঠান । এতে কোরাস সংগীত পরিবেশন করে তাজরি, তাহানী, রুপাই, শীতাদ, মুনাদ, প্রত্যয়, নিয়াজ, তুদি, সিয়াম ও তুবা । সংগীত পরিচালনা করেন স্কুলের মিউজিক টিচার ঝুমু ।

একক সংগীত করেছেন দীপা, সাকী, রাইসা, ঝুমু এবং বাংলাদেশ থেকে আগত অতিথি শিল্পী জনাব মহী উদ্দীন বাদল । তিনি দর্শক-শ্রাতাদের অনুরোধে বেশ কয়েকটি গান গেয়ে শোনান । উল্লেখ্য জনাব বাদল বাংলাদেশে রেডিও, টেলিভিশনে নিয়মিত এবং মঞ্চে গজল শিল্পী হিসেবে বেশ খ্যাতি রয়েছে । পুরো অনুষ্ঠানটিতে তবলা বাজিয়েছেন জনাব মাকসুমুল আহসান এবং মাদল বাজিয়েছে নিয়াজ । সাউন্ড সিস্টেম পরিচালনায় ছিলেন রাজিব ।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন স্কুলের প্রিন্সিপ্যাল ডঃ মোঃ হাবিব উল্লাহ এবং সোসাইটির প্রাক্তন সভাপতি জনাব নাজমুল হুদা । অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ছিল আকর্ষণীয় সব খাবারের আয়োজন । উপস্থিত সকলেই নানা ধরনের খাবারে অংগ্রহন করে ।

বাংলাদেশ সোসাইটি অব সিডনী'র সদস্য-সদস্যবৃন্দ এবং বাংলাদেশ কালচারাল স্কুল সিডনী'র ছাত্র-ছাত্রী এবং সম্মানিত অভিভাবকবৃন্দ সহ রকডেল-কোগারা এলাকার বিপুল সংখ্যক সূধীবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে সোসাইটির সভাপতি জনাব শহীদুজ্জামান আলো অনুষ্ঠানটির সফলতায় যারা যে পর্যায়ে সহযোগীতা করেছেন তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

বাংলাদেশ সোসাইটি অব সিডনী'র উদ্যোগে
পরিচালিত বাংলাদেশ কালচারাল স্কুল সিডনীতে
ছাত্র-ছাত্রী ভর্তি চলছে

গত ৫ বছর ধরে অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা দারা পরিচালিত
প্রতি রবিবার সকাল ১০ টা থেকে

কোন প্রকার স্কুল ফি নেই

পবিত্র কুরআন শিক্ষা, বাংলা ভাষা শিক্ষা
সঙ্গীত শিক্ষা ও চিত্রাংকন

স্থানঃ রকডেল পাবলিক স্কুল (Lord Street, Rockdale)

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন:

ড: মোহাম্মদ হাবিব উল্লাহ।
প্রিন্সিপ্যাল
95468160

শহীদুজ্জামান আলো
সভাপতি
95977771, 0403112456

